
দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরি...
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 14 MAR 1989
পৃষ্ঠা ... কলাম 4





গতকাল টঙ্গীর একটি স্কুলে ছাত্র-ছাত্রীদের মধ্যে নকল প্রবণতা রোধের জন্যে যুব ইউনিয়নের উদ্যোগে প্রচার চালানো হয়। —সংবাদ

# 'পরীক্ষায় নকল নয়' প্রচারাভিযান

বাংলাদেশ যুব ইউনিয়ন গতকাল ঢাকা-ময়মনসিংহ সড়কের পার্শ্ববর্তী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে 'পরীক্ষায় নকল নয়' শীর্ষক প্রচারাভিযান চালায়। বিশিষ্ট শিল্পী আসাদুজ্জামান নূর, রাকী ইনাম, যুব ইউনিয়ন নেতা মাহবুব জামান, যুব নেতা আনোয়ারুল হক এই প্রচারা-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষায় নকল নয়

(১ম পাতার পর)

ভিযানের নেতৃত্ব দেন। এছাড়া ঢাকার মীরপুরে অনুষ্ঠিত নকল বিরোধী প্রচারাভিযানে বুদ্ধিজীবী ও শিক্ষকবৃন্দ নেতৃত্ব দেন। উভয় অভিযানে বিপুল সংখ্যক ছাত্রছাত্রী যোগ দেয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

### ছাত্র সংগ্রাম পরিষদের বিবৃতি

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ আসন্ন এসএসসি পরীক্ষায় নকল প্রবণতা রোধের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে ধ্বংসের হাত থেকে রক্ষায় এগিয়ে আসার জন্য ছাত্র শিক্ষক অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল সোমবার দেয়া এক বিবৃতিতে এ আহ্বান জানানোর পাশাপাশি নকলপ্রবণতা স্থায়ীভাবে বন্ধের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার মানোন্নয়ন, পরীক্ষা পদ্ধতির বিজ্ঞানসম্মত সংস্কারসহ ছাত্রছাত্রীদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য সরকারের কাছে দাবী জানানো হয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন পৃথক এক বিবৃতিতে নকলের সর্বনাশা প্রকোপ থেকে পরীক্ষা পদ্ধতি ও শিক্ষা ব্যবস্থা রক্ষায় সম্মিলিতভাবে এগিয়ে আসার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছে।